দৈনিক বাংলা

তারিখ ... ৪।৭।৮৩ ...
পৃষ্ঠা ... ১ কলাম ... ৪ ...

গ্রন্থাগার

073

# ৩য় শ্রেণী পর্যন্ত বিনামূল্যে বই দেয়া হবে

দেশের সকল সরকারী ও বেসরকারী স্কুলের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় শ্রেণীর ছাত্রছাত্রীরা ১৯৮৪ সালের জানুয়ারী থেকে বিনামূল্যে পাঠ্যপুস্তক পাবে। গতকাল সরকারীভাবে একথা ঘোষণা করা হয়।

বাসসর খবরে বলা হয়, চতুর্থ শ্রেণীর ছাত্রছাত্রীরা অর্ধেক দামে তাদের পাঠ্য পুস্তক পাবে বলে এ ঘোষণায় উল্লেখ করা হয়।

উপজেলা পরিষদগুলোকে সারা দেশের ছাত্রছাত্রীদের মধ্যে পুস্তকসমূহ বিতরণের দায়িত্ব দেয়া হবে।

(শেষ পঃ ১-এর কঃ দ্রঃ)

## বই দেওয়া হবে

(প্রথম পঃ পর)

সরকার প্রাথমিক শিক্ষা পরিদফতর ও বাংলাদেশ স্কুল টেক্সট বুক বোর্ডকে আগামী জানুয়ারী মাসের মধ্যেই বই প্রকাশ ও বিতরণ নিশ্চিত করার দায়িত্ব দিয়েছেন।

যেসব ছাত্রছাত্রীর একাধিক সেট বই কেনার প্রয়োজন হবে তারা বাজার থেকেও বই কিনতে পারবে। কিন্তু এসব বই-এর মলাট বিনামূল্যে দেয়া বইগুলো থেকে আলাদা হবে।